গাড়াবাড়িয়াতে প্রশাসনের নিষেধাজ্ঞা মানছেন না খামারী !

মেহেরপুরের গাংনী উপজেলার গাড়াবাড়ীয়াতে ঈদগাহ ময়দান, কবরস্থান ও কুতুবপুর স্কুল এন্ড কলেজের সাথেই গরু ছাগলের খামার স্থাপন করছেন একই গ্রামের আব্দুল করিমের পুত্র ধনীউল্লাহ। উপজেলা প্রশাসন থেকে বারবার নিষেধাজ্ঞা দিলেও মানছেন না খামারী ধনীউল্লাহ।

জানা গেছে, গত ১২ আগস্ট গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা বরাবর অভিযোগ দায়ের করেন তিন প্রতিষ্ঠানের সভাপতি,সেক্রেটারি ও প্রধান শিক্ষকসহ সাধারণ জনগণ।

অভিযোগের ভিত্তিতে আজ সোমবার সরেজমিনে তদন্ত করেন উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা মোঃ মস্তোফা জামান। পরিদর্শন শেষে তিনি খামার নির্মাণের কাজ বন্ধ করার নির্দেশ দেন।

এ বিষয়ে কবরস্থান কমিটির সভাপতি মোফাজ্জেল আলী জানান, বার বার নিষেধ করার পরেও তারা খমার স্থাপন করেই চলেছে। এই খামার হলে আমাদের জানাযার নামাযের ব্যাঘাত ঘটবে, পূর্বেও নিষেধ করেছি এবং প্রশাসন কে অবহিত করেছি কিন্তু কাউকে তোয়াক্কা না করেই নিজের ইচ্ছে মতই খামার নির্মাণের কাজ শেষ করছেন। ক্ষমতার জোর দেখিয়ে তাদের কাজ চালিয়ে যাচ্ছেন।

এ বিষয়ে কুতুবপুর স্কুল এন্ড কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ হাফিজুল ইসলাম জানান, আমাদের স্কুল এন্ড কলেজের খেলার মাঠের সাথেই স্থাপন হচ্ছে এই গরু ছাগলের খামার। যা ছেলে মেয়েদের খেলা ধুলা করতে সমস্যা হবে। সেই সাথে পাশেই ক্লাসরুম ছেলে মেয়েদের ক্লাস করাতে গিয়েও দুর্গন্ধ ছুটতে পারে। তাছাড়াও শিক্ষা প্রতিষ্ঠানের মান ক্ষুন্ন হবে।

গাড়াবাড়ীয়া জান্নাতুল মাওয়া ঈদগাহ ময়দানের সভাপতি রেজাউর রহমান জানান, আমাদের ঈদগাহ ময়দানের মিনারের সাথেই এই খামারটি স্থাপন করছেন যা আমাদের ঈদের নামাযের ব্যাঘাত ঘটাবে।

এ বিষয়ে খামারের মালিক ধনী উল্লাহ বলেন, বেশি গরু পালনের সিদ্ধান্ত নেই। কোন রকম খামারটি কষ্ট করে দাঁড় করাচ্ছি। পরে আমার বিরুদ্ধে এমন অভিযোগ দায়ের করলে আমি কাজ বন্ধ রেখেছিলাম।

কিন্তু এখন প্রশাসনের অনুমতি নিয়েই কাজ শুরু করেছি।

আমি ও কাথুলী ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি গোলজার হোসেন সরাসরী ইউএনও স্যারের কাছে থেকে অনুমতি নিয়ে কাজ শুরু করেছি। আমি কোন অন্যায় বা প্রশাসনের নিয়ম কে অবমাননা করিনি। কেউ বলতেও পারবে না কারর কোন ক্ষতি করেছি বা কারোর কিছু মেরে কেটে নিয়েছি। আমার বাড়ির যায়গা অল্প যার কারনে এখানে গরু পালন করার সিদ্ধান্ত নিই। ছেলেরও চাকরী বাকরী নাই কিছু তো করতে হবে সেই জন্যেই এই খামার স্থাপন করেছি।

এ ব্যাপারে খামার মালিকের জামাই নাজমুল হুসাইন বলেন এটা নির্মান করেছি এবং উদ্দ্যেক্তার কর্যক্রম হাতে নিয়েছি খারাপ বা অন্যায় কোন কিছু করা হয় নি। তার জমির নিজস্ব কোন পথ আছে কি জিজ্ঞেস করলে বলেন নেই। তবে জানান খেলার মাঠের উপর দিয়েই আমরা বর্তমানে চলাচল করে।

গাংনীতে জাতীয় জন্ম নিবন্ধন দিবসের আলোচনা সভা

মেহেরপুরের গাংনীতে জাতীয় জন্ম নিবন্ধন দিবস ২০২০ উপলক্ষ্যে আলোচনা সভা করেছে উপজেলা প্রশাসন।

উপজেলা নির্বাহি অফিসার আর এম সেলিম শাহনেওয়াজের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এমএ খালেক ।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন, উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন, মটমুড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহেল আহমেদ, ধানখোলা ইউনিয়নের চেয়ারম্যান আখের আলী ও তেতুলবাড়ীয়া ইউনিয়নের চেয়ারম্যান জাহাঙ্গীর আলম। সভায় বিভিন্ন প্রিন্ট ও ইলেক্ট্রীক মিডিয়ার সাংবাদিক, বিভিন্ন ইউনিয়নের সচিব ও উদ্যোক্তাবৃন্দ উপস্থিত ছিলেন ।

মেহেরপুর
০১৭১৩৯১৪১৭৪

ধর্ষণের প্রতিবাদে গাংনীতে মানববন্ধন

সমাজে সচেতনতাবৃদ্ধি ও ধর্ষকের সর্বোচ্চ শাস্তি নিশ্চিত করণের দাবীতে মেহেরপুরের গাংনীতে মানববন্ধন করেছে শিক্ষার্থীরা। আজ মঙ্গলবার বেলা এগারটার দিকে গাংনী প্রেস ক্লাবের সামনের সড়কে সচেতন শিক্ষার্থীর ব্যানারে জেলার বিভিন্ন পর্যায়ের শিক্ষার্থীরা মানব বন্ধনে যোগ দেন।

ঢাকা বিশ^বিদ্যালয়ে ছাত্র জাহিদুল ইসলাম আবিরের সভাপতিত্বে অনুষ্ঠিত মানব বন্ধনে ধর্ষকদের সর্বোচ্চ শাস্তি নিশ্চিত করাসহ ৫ দফা দাবী উত্থাপন করা হয়।
দাবী গুলোর মধ্যে রয়েছে, ধর্ষকের দ্রুততম সময়ের মধ্যে ফাঁসি নিশ্চিত করণ, চলাচলের রাস্তা আলোকিত করতে হবে, সামাজিক মুল্যবোধ ও সেল্ফ ডিফেন্স সম্পর্কিত প্রশিক্ষণ, পুলিশ প্রশাসনের আরো জোরালো ও সতর্ক অবস্থান নিশ্চিত করতে হবে, ধর্ষিত নারীর দ্রুত ডাক্তারী পরিক্ষা সম্পন্ন করার জন্য আলাদা ইউনিট স্থাপন এবং সপ্তাহের সাত দিনই খোলা রাখতে হবে।

মানববন্ধন ও সমাবেশে বক্তব্য রাখেন, জাহাঙ্গীরনগর বিশ^বিদ্যালয়ের ছাত্র আব্দুর রউফ ইমন, ঢাকা বিশ^বিদ্যালয়ের ছাত্র শফিউল ইসলাম সজন, লিমন ইসলাম, আসাদুল্লাহ আল গালিব, স্টেট ইউনিভার্সিটির সালেক মাসুদ, ইউডা বিশ^বিদ্যালয়ের আল মুজাহিদ রতন ও কুষ্টিয়া সরকারী কলেজের আবির হামজা প্রমুখ।

বক্তারা বলেন, দেশের পত্রিকা ও টিভি চ্যানেল অন করলেই পাওয়া যায় ধর্ষণ ও নারী নির্যাতনের ভয়াবহ চিত্র । এসব ঘটনায় দোষিদেরকে সর্বোচ্চ শাস্তি মৃত্যুদণ্ড নিশ্চিত করতে হবে।

কালীগঞ্জে দূর্গাপূজা উপলক্ষে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত।

ঝিনাইদহের কালীগঞ্জে দূর্গাপূজা ২০২০ উপলক্ষে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার বেলা ১১ টায় উপজেলা পরিষদ অডিটরিয়মে উপজেলা নির্বাহী কর্মকর্তা সুবর্ণা রানী সাহার সভাপতিত্বে এই সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রধান অতিথি হিসাবে বক্তৃতা রাখেন ঝিনাইদহ ৪ আসনের সাংসদ আনোয়ারুল আজীম আনার, বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন কালীগঞ্জ উপজেলা চেয়ারম্যান জাহাঙ্গীর সিদ্দিক ঠান্ডু, উপজেলা ভাইস চেয়ারম্যান শিবলী নোমানী, মহিলা ভাইস চেয়ারম্যান শাহনাজ পারভীন , কালীগঞ্জ থানা ইনচার্জ মাহফুজুর রহমান সহ কালীগঞ্জ উপজেলার সকল ইউপি চেয়ারম্যান গন । অনুষ্ঠানে অতিথি ও বক্তারা পূজার সময় স্বাস্থ্যবিধি মেনে ও আইন শৃঙ্খলার অবনতি না করে পূজা করার জন্য আহবান ও নির্দেশনা দেন।

প্রতিটি পূজা মন্ডবে নিরাপত্তা কমিটি গঠন, আলোকসজ্জা না করা ও মন্ডব সংলগ্ন এলাকায় মেলা বা দোকান না বসানোর জন্য বিশেষভাবে নির্দেশনা দেওয়া হয়। এসময় পূজা সংক্রান্ত বিষয় নিয়ে আরো বক্তব্য রাখেন বাংলাদেশ হিন্দু বৌদ্ধ খ্রিস্টান ঐক্য জোটের কালীগঞ্জ উপজেলা সভাপতি তিথি রানী ভদ্র, বাংলাদেশ ছাত্র যুব ঐক্য পরিষদের সাধারণ সম্পাদক মিঠুন পাল, কালীগঞ্জ পূজা উৎযাপন কমিটি ভারপ্রাপ্ত সভাপতি রবীন্দ্রনাথ দত্ত এবং অনুষ্ঠান পরিচালনা করেন কালীগঞ্জ পূজা উৎযাপন কমিটির সাধারণ সম্পাদক প্রসান্ত কুমার খাঁ ।

ঝিনাইদহে বিশ্ব শিক্ষক দিবস পালিত

“শিক্ষকঃ সংকটে নেতৃত্ব, নতুন করে ভবিষ্যতের ভাবনা” এই প্রতিপাদ্য কে সামনে রেখে যথাযোগ্য মর্যাদায় ঝিনাইদহে পালিত হলো বিশ্ব শিক্ষক দিবস। গতকাল সোমবার সকাল ১১ টায় জেলা স্কাউট ভবনে বাংলাদেশ শিক্ষক সমিতি ঝিনাইদহ জেলা শাখার উদ্যোগে এ দিবসটি পালন করা হয়। ঝিনাইদহ জেলা শাখার সভাপতি মুহঃ আব্দুল মমিনের সভাপতিত্বে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন বাংলাদেশ শিক্ষক সমিতির কেন্দ্রীয় কমিটির সহ সভাপতি মোঃ মহিউদ্দিন। এছাড়া আরও বক্তব্য রাখেন সহ-সভাপতি খলিলুর রহমান, যুগ্ম সম্পাদক আলী কদর, আলমগীর হোসেন, প্রকাশনা সম্পাদক কৃপা সিন্ধু বিশ্বাস, শিক্ষক নেতা শাহানাজ পারভীন, আলী আকবর, প্রদীপ কুমার বিশ্বাস, আব্দূল গনি শেখ, সদর উপজেলা কমিটির সাধারণ সম্পাদক রেজাউল করিম, সদরের সহ-সভাপতি মিজানুর রহমান প্রমুখ।
সভায় প্রধান অতিথি বলেন সারা বিশ্বে আজ ১০০ টি দেশে শিক্ষক দিবস পালিত হচ্ছে কিন্ত দুঃখের বিষয় আমাদের দেশে সরকারী ভাবে এই দিবসটি পালিত হয় না। নানা সমস্যা থাকা সত্ত্বেও জ্ঞান বিতরণের মহান পেশায় নিজেদের সম্পৃক্ত রেখেছেন এই শিক্ষক সমাজ। শিক্ষকদের মধ্যে রয়েছে বেতন বৈষম্য, যোগ্যতা অনুযায়ী বেতন কাঠামো নেই, সে কারনে মেধাবীরা শিক্ষকতা পেশায় আসতে চায় না।

বক্তারা আরও বলেন আমাদের প্রতিবেশী দেশ ভারতে শিক্ষকদের উচ্চতর বেতন প্রদান করা হয়। কিন্ত আমাদের বাস্তবতা ভিন্ন দেশের ৯৭% বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান ও শিক্ষক আজ অবহেলিত। শিক্ষা খাতে বাজেট অপর্যাপ্ত, বৈষম্য নিরসন করে শিক্ষকতা পেশাকে আকর্ষণীয় করে তুলতে হবে। যাতে মেধাবিরা শিক্ষকতা পেশায় আসতে স্বাচ্ছন্দবোধ করেন। স্বাধীনতা পরবর্তী ভঙ্গুর অর্থনৈতিক অবস্থার মধ্যেও জাতির জনক বন্ধবন্ধু শেখ মুজিবুর রহমান প্রাথমিক শিক্ষা জাতীয় করন করেন। বঙ্গবন্ধুর ইচ্ছা ছিল পরবর্তীতে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা জাতীয় করন করা। দুঃখের বিষয় বঙ্গবন্ধুর অকাল মৃত্যুতে জাতির ভাগ্যাকাশে কালো মেঘ নেমে আসে । আমরা বঙ্গবন্ধুর স্বপ্ন বাস্তবায়ন চাই, চাই শিক্ষা ব্যবস্থা জাতীয় করণ।

মেহেরপুরে শুদ্ধ সুরে জাতীয় সংগীত প্রতিযোগীতার পুরস্কার বিতরণ

মেহেরপুর সদর উপজেলা ব্যাপী সকল শিক্ষা প্রতিষ্ঠানে শুদ্ধ সুরে জাতীয় সংগীত পরিবেশন প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। এসময় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের অংশ গ্রহণে সদর উপজেলা পর্যায়ে অনুষ্ঠিত প্রতিযোগিতায় ক ও খ গ্রুপে মেহেরপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় প্রথম স্থান অধিকার লাভ করেন।

সোমবার সকালে মেহেরপুর সদর উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে পুরস্কার বিতরণ করা হয়। এসময় উপজেলা নির্বাহী কর্মকর্তা মাসুদুল আলম উপস্থিত থেকে বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন।

এ সময় আরও উপস্থিত ছিলেন উপজেলা শিক্ষা অফিসার আনোয়ার হোসেন, উপজেলা ইঞ্জিনিয়ার আব্দুল হামিদ, মেহেরপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে প্রধান শিক্ষক মিজানুজ্জামান, উপজেলা একাডেমিক সুপার ভাইজার আনারুল ইসলাম, মেহেরপুর সরকারি কলেজের সহকারী অধ্যাপক ফুয়াদ খান প্রমুখ।

গাংনীতে গৃহবধুকে ধর্ষণের অভিযোগে মামলা

মেহেরপুরের গাংনীতে গৃহবধুকে ধর্ষণের অভিযোগে ব্যবসায়ী সহ দু’জনের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে।

গত বৃহস্পতিবার মেহেরপুর অতিরিক্ত জেলা জজ আদালতে ঐ নির্যাতিতা বাদী হয়ে মামলাটি দায়ের করেন। ধর্ষন মামলার আসামীরা হলেন

গাংনী থানার ওসি মো: ওবাইদুর রহমান জানান, আদালতের নির্দেশনা পাওয়া গেছে। বিষয়টি তদন্ত করা হচ্ছে। তদন্ত শেষে ব্যবস্থা নেয়া হবে। তবে মামলাটি আপোষের কোন সুযোগ নেই।

মেহেরপুরে হেরোইনসহ দুইজন আটক

মেহেরপুরে ৪ গ্রাম হেরোইন সহ দুই মাদক ব্যবসায়ীকে আটক করেছে ডিবি পুলিশ। সোমবার দিবাগত রাতে এস আই তরিকুল ইসলামের নেতৃত্বে অভিযান চালিয়ে শহরের থানা মোড় থেকে তাদের আটক করা হয়।

আটককৃতরা হলো, মেহেরপুর শহরের ৯ নং ওয়ার্ডের অশোক সাহার ছেলে অপু সাহা(২৭) ও সদর উপজেলার বাজিতপুর গ্রামের মৃত জালাল শেখ এর ছেলে বাবুল শেখ(৪০)।

জেলা গোয়েন্দা পুলিশের ওসি জুলফিকার আলী জানান, গোপন সংবাদের ভিত্তিতে শহরের থানা মোড়ে তাদের আটক করা হয়। পরে তল্লাশি করে ৪ গ্রাম হেরোইন উদ্ধার করা হয়েছে। আটক আসামী অপু ও বাবুল এর বিরুদ্ধে মেহেরপুর সদর থানায় একটি নিয়মিত মামলা রুজু করা হয়েছে।

কালীগঞ্জে গৃহবধুর আত্মহত্যা, পরিবারের দাবি হত্যা

ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার আজমতনগরে স্বর্ণালী খাতুন (১৭) নামে গৃহবধু শশুরবাড়িতে বিষপানে আত্মহত্যা করেছে। তবে পরিবারের পক্ষ থেকে অভিযোগ,তাকে নির্যাতন করে হত্যা করা হয়েছে। নিহত গৃহবধুর শরীরের বিভিন্নস্থানে ক্ষতের চিহ্ন পাওয়া গেছে।
সোমবার সকাল সাড়ে ১০ টার দিকে এ ঘটনা ঘটে। নিহত স্বর্ণালী খাতুন পাশর্^বর্তী চাঁদবা এলাকার তরিকুল ইসলামের মেয়ে।

স্বর্ণালী খাতুনের পিতা তরিকুল ইসলাম জানান, গত তিনমাস আগে আজমতনগর এলাকার আব্দুল মালেকের ছেলে সোহান হোসেনের সাথে বিয়ে হয়। আমার মেয়েকে বিয়ে করার পরও সোহান আরেকটি মেয়েকে বিয়ে করে। হঠাৎ সোমবার সকালে মেয়ের শশুরবাড়ি থেকে মোবাইলে জানায় তার মেয়ে বিষপান করেছে। এরপর হাসপাতালে গেলে মেয়েকে মৃত অবস্থায় দেখতে পায়।

তিনি অভিযোগ করে বলেন, আমার মেয়েকে নির্যাতন করে হত্যা করা হয়েছে। শরীরের বিভিন্ন স্থানে আঘাতের চিহ্ন রয়েছে।
গৃহবধুর মৃতদেহের সুরতহাল রিপোর্ট তৈরি করেন কালীগঞ্জ থানার এসআই আশিকুর রহমান। তিনি জানান, বাম হাতের কবজির উপরে ক্ষত চিহ্ন রয়েছে। সেখান থেকে রক্ত বের হচ্ছিল। ডান হাত,কপাল ও বাম কানের ভিতরে পুড়ে গেলে যেমন দেখা যায় তেমন চিহ্ন দেখা গেছে। কালীগঞ্জ থানার ওসি মুহা: মাহফুজুর রহমান মিয়া বলেন,এ ঘটনায় থানায় একটি অপমৃত্যু মামলা দায়ের হয়েছে।

মেহেরপুরে করোনায় আরো এক জনের মৃত্যু, মোট মৃত্যু ১৬

মেহেরপুরে আবু তাহের নামের আরো একজন করোনা আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেছেন। এনিয়ে মেহেরপুর জেলায় করোনায় আক্রান্ত হয়ে মৃত্যুও সংখ্যা দাড়িয়েছে ১৬ তে।
সোমবার সন্ধ্যায় মেহেরপুরের সিভিল সার্জন আবু তাহেরের মৃত্যুও বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি জানান, গত রবিবার তিনি করোনা সন্দেহে নমুনা পরীক্ষা করার পর মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি হন। এর কয়েক ঘন্টার মধ্যেই তিনি মৃত্যুবরণ করেন। সোমবার সন্ধ্যায় তার করোনা পজিটিভ রিপোর্ট আসে।
মৃত আবু তাহের মেহেরপুর সদর উপজেলার সাহেবপুর গ্রামের বাসিন্দা।